57

দৈনিক ইত্তেফাক

তারিখ ... JAN. 3 1999

পৃষ্ঠা ৭ কলাম ৩

## বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় প্রসঙ্গে

এশিয়া মহাদেশের ভিতর কৃষি শিক্ষার অন্যতম বিদ্যাপীঠ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়। প্রতিষ্ঠাকাল ১৯৬১ সাল। সেই থেকে এর খ্যাতি বিশ্বব্যাপী। শিক্ষক হিসেবে কর্মরত আছেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন কৃষি বিজ্ঞানীরা। তাদেরই হাতেগড়া দক্ষ কৃষিবিদরা বাংলাদেশকে স্বনির্ভর করার লক্ষ্যে একের পর এক উদ্ভাবন করে চলছেন পশু-পাখীর অধিক উৎপাদনক্ষম জাত, অধিক ফলনশীল ধান, গম, আলু, ডাল ইত্যাদি। তাইতো জনসমাজে বিশ্ববিদ্যালয়টি আজ সমাদৃত। কিন্তু পত্রপত্রিকায় আর বক্তৃতায় অত্র বিশ্ববিদ্যালয়ের নাম বিকৃত করার প্রয়াস চলছে অহরহ। পত্রিকায় দেখা যাচ্ছে, 'বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়'-এর পরিবর্তে লেখা হচ্ছে ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয় বা কৃষি বিশ্ববিদ্যালয়। দেশের গণ্যমান্য ব্যক্তিবর্গ এমনকি মাননীয় সংসদ সদস্যরাও বক্তৃতার সময় বলে থাকেন ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয় বা কৃষি বিশ্ববিদ্যালয়। সাংবাদিকদের কলমের নিপুণ আঁচড়েও ঐ একই লেখা। ২৬-১২-৯৮ তারিখের একটি দৈনিকের তৃতীয় পৃষ্ঠার তিন-এর কলাম এর প্রত্যক্ষ সাক্ষী। নাম-বিকৃতিকরণের এই অপপ্রয়াস জাতির জন্য শুভ নয়। এতে বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি এবং ইতিহাস উভয়ই নষ্ট হচ্ছে। তাই সঠিকভাবে নাম বলার এবং প্রকাশের জন্য দেশবাসীর দৃষ্টি আকর্ষণ করছি।

—নির্ঝর,

হোঃ শ, সোহরাওয়াদী হল, ব
াংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।